

AFL-CIO

AMERICA'S UNIONS

আপনার মাস্ক কি আপনাকে নিরাপদে রাখছে?

আপনি হয়তো এমন কর্মক্ষেত্রে কাজ করেন, যেখানে নিয়োগকর্তার করোনা ভাইরাস থেকে সুরক্ষার জন্য আপনাকে রেসপিরেটর প্রদান করা উচিত।

উচ্চ ঝুঁকিপূর্ণ কর্মস্থলে কর্মীদের জন্য উচ্চ মানের রেসপিরেটর সুরক্ষার প্রয়োজন।

কাদের ঝুঁকি বেশি? যারা নিম্নোক্ত ব্যক্তিদের নিয়ে কাজ করে:

- যাদের শ্বাসকষ্টের রোগ আছে বা আছে বলে সন্দেহ করা হয় (স্বাস্থ্যসেবায় এ ধরনের রোগী নিয়ে কাজ করা কর্মীরা)।
- পরস্পরের কাছাকাছি অবস্থান করে যাদের কাজ করতে হয় (যেমন, উৎপাদন শিল্পে যারা কাজ করেন)।
- খুব কাছে থেকে জনগণকে নিয়ে কাজ করতে হয় (যেমন, পরিবহন)।



মাস্ক ও রেসপিরেটরের মধ্যে পার্থক্য কী?

“মাস্ক” শব্দটি এখন খুব জনপ্রিয়, কিন্তু এর মানে আপনি যা ভাবছেন তা নাও হতে পারে। সকল প্রকার মাস্ক করোনা ভাইরাস থেকে একই ধরনের সুরক্ষা প্রদান করে না। [চার্টটি ডাউনলোড করুন: রেসপিরেটর, মাস্ক ও ফেস শিল্ড।](#)

মাস্ক: উৎস নিয়ন্ত্রণ—অন্যদের সুরক্ষা দেয়

- ভাইরাস ছড়ানো প্রতিরোধ করতে সাহায্য করে (যে পরে আছে তাকে সুরক্ষিত রাখে না)।
- পরিধানকারীর থেকে বড় কণা বের হওয়া প্রতিরোধ করে।
- ছোট ও ক্ষুদ্র কণা আটকানোর ক্ষেত্রে কার্যকর ফিল্টার নেই।
- সরকার বা মান নির্ধারণকারী সংস্থাদের দ্বারা নিয়ন্ত্রিত বা প্রত্যায়িত নয়।

রেসপিরেটর: পরিধানকারীকে সুরক্ষিত রাখে

- উচ্চ ঝুঁকির কাজে কর্মরত কর্মীদের জন্য আবশ্যিক।
- ফিল্টার ও ফিট—রেসপিরেটর যে কাজ করে তা নিশ্চিত করার জন্য দুটি সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ।
- কর্মী শ্বাস নেয়ার সময় বায়ুতে ছড়িয়ে থাকা বড়, ছোট ও ক্ষুদ্র ভাইরাস কণা থেকে সুরক্ষিত করে।

- মুখে লেপ্টে থাকতে হবে, যাতে বাতাস মাস্কের মধ্য দিয়ে ফিল্টার না হয়ে চলাচল করতে না পারে।
- গুণমান ও কার্যকারিতা নিশ্চিত করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারি সংস্থাগুলো-কর্তৃক প্রত্যায়িত।
- পেশাগত সুরক্ষা এবং স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration) অনুসারে উপযুক্ত মাস্ক নিশ্চিত করার জন্য সেগুলো মানসম্মত কিনা তার পরীক্ষা এবং এটির ব্যবহার এবং কীভাবে এটি পরতে ও খুলতে হয় এবং এর সীমাবদ্ধতা সম্পর্কে নিয়োগকর্তাদেরকে প্রশিক্ষণ দিতে হবে।
- নম্বর দিয়ে চিহ্নিত করা থাকে, যেমন N95, N100, এর মানে হল এগুলোর ফিল্টারের কার্যকারিতা। এইসব ফিল্টার নষ্ট করা যায় বা পুনরায় ব্যবহার করা যায় এমন রেসপিরেটরের অংশ।
- নষ্ট করা যায় বলে লেবেল করা N95 মাস্ক এখন আলোচনায় আছে।
- পুনরায় ব্যবহারযোগ্য রেসপিরেটর হিসাবে চিহ্নিত, ইলাস্টোমেরিক এবং বায়ু শোধক রেসপিরেটর চালিত (PAPR) আরো সুরক্ষিত কারণ এগুলি ভালোভাবে ফিল্টার ধরে রাখতে পারে, আপনার মুখ আরো ভালো করে ঢেকে দিতে পারে এবং দীর্ঘমেয়াদী ব্যবহারের জন্য সাশ্রয়ী।

কর্মীরা কোভিড-19 থেকে সুরক্ষার জন্য তাদের নিয়োগকর্তাদের থেকে প্রয়োজনীয় রেসপিরেটর সুরক্ষা পাচ্ছেন না।

OSHA আইন অনুসারে, এসবের দায় নিয়োগকর্তাদের:

- রেসপিরেটর ও অন্যান্য PPE এর ব্যবস্থা করা।
- সেগুলির জন্য অর্থ প্রদান।
- কর্মীদের ফিট হচ্ছে কিনা তা দেখা।
- কর্মীদেরকে সেগুলির ঠিকমতো ব্যবহার করতে শেখানো।



বহু নিয়োগকর্তা তাদের কর্মীদের যতটা প্রয়োজন সেমতে পর্যাপ্ত রেসপিরেটরি ফিল্টার সুরক্ষা প্রদান করছে না।

এর ফলে কর্মীরা অরক্ষিত থাকে।



বাকীরা ক্রটিপূর্ণ পদ্ধতিতে রেসপিরেটর পরিষ্কার করে পুনরায় ব্যবহার করে যদিও সেগুলো নষ্ট করে ফেলার কথা এবং কেবল একবার ব্যবহারের জন্যই তৈরি।

এর ফলে এগুলোর কার্যকারিতা কমে যায়।



প্রদত্ত রেসপিরেটরগুলো মুখে ঠিকমতো লাগে কিনা বহু কর্মীদের এজাতীয় ফিট-টেস্ট করা হয়নি বা তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়নি।

এ কারণে কর্মীরা বিপদের ঝুঁকিতে রয়েছে।



এই সব কারণ মিলে কর্মীরা মারাত্মক ঝুঁকির মুখে রয়েছে।

রেসপিরেটরের অভাব

- কেন্দ্রীয় সরকার পর্যাপ্ত রেসপিরেটর যে তৈরি হয়েছে তার নিশ্চয়তা দিচ্ছে না এবং এই অতিমারী চলাকালীন কাজের লোকদের সুরক্ষিত রাখতে ব্যবহৃত হয়েছে।
- নিয়োগকর্তারা এই সরঞ্জাম তালা বন্ধ করে রেখেছেন এবং কর্মীদের বাতিল করতে হবে এমন সরঞ্জাম আবার ব্যবহার করতে বাধ্য করা হচ্ছে।
- ইউনিয়নগুলো পুনরায় ব্যবহারযোগ্য ব্যক্তিগত রেসপিরেটর তৈরির দাবি জানাচ্ছে।
- পুনরায় ব্যবহারযোগ্য রেসপিরেটর N95 রেসপিরেটরগুলোর থেকে আরো ভালো সুরক্ষা প্রদান করে ও সহজে স্যানিটাইজ করার যায় এবং N95 এর থেকে দাম কম।

রেসপিরেটর সুরক্ষা এবং PPE (যেমন গ্লাভস, গাউন, সার্জিক্যাল মাস্ক, ফেস শিল্ড) ব্যবহার করলেও শারীরিক দূরত্ব, বাধা, জীবাণুনাশ করার বিধি মেনে চলতে হবে।

কর্মক্ষেত্রে সুরক্ষিত থাকার অধিকার আপনার আছে।

আপনার নিয়োগকর্তা আপনার সুরক্ষার জন্য পর্যাপ্ত ব্যবস্থা নাও নিয়ে থাকতে পারে। কর্মক্ষেত্রে আপনার সুরক্ষিত থাকার অধিকার এবং কীভাবে আপনার সহকর্মীদের সাথে সম্মিলিত পদক্ষেপ কর্মক্ষেত্রের সুরক্ষা এবং জীবন বাঁচাতে পারে তা সম্পর্কে আরো জানুন।